

সিংড়া পৌরসভা কার্যালয়

জেলাঃ নাটোর

স্থাপিত- ১০ জানুয়ারী ১৯৯৯ইং

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

ফোনঃ ০৭৭২৬-৬৩১০০

ফ্যাক্সঃ ০৭৭২৬-৬৩০৯৯

e-mail: singrapaurashava@gmail.com

স্মারক নংঃ সিং-পৌর/প্রশাঃ/নিয়োগ-৭/২০২৩/১৮০

তারিখঃ ১৪/০৫/২০২৩ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার গত ২৫/০৪/২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৩.২৩.৬৪৮ নং স্মারকের মাধ্যমে জারিকৃত ছাড়পত্র আদেশের প্রেক্ষিতে সিংড়া পৌরসভায় কর্মচারী নিয়োগের নিমিত্তে স্থায়ী ভিত্তিতে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী নিম্নবর্ণিত শূন্য পদে শর্ত মোতাবেক প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট হইতে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	স্বাস্থ্য সহকারী	০১(এক) টি	৯৩০০-২২৪৯০	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ,এস,সি পাশ (বিজ্ঞান বিভাগ/জীব বিজ্ঞান সহ) বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
০২	সহকারী লাইসেন্স পরিদর্শক	০১(এক) টি	৯৩০০-২২৪৯০	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হইবে।
০৩	নিম্নমান সহকারী কাম- মুদ্রাক্ষরিক	০১(এক) টি	৯৩০০-২২৪৯০	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারে টাইপিং বাংলা ৩০ এবং ইংরেজীতে ৪০ শব্দের গতি থাকতে হবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিল যোগ্য। তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হইবে।
০৪	হিসাব সহকারী	০১(এক) টি	৯৩০০-২২৪৯০	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হইবে।
০৫	সড়কবাতি পরিদর্শক	০১(এক) টি	৯৩০০-২২৪৯০	সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হইবে।
০৬	বৈদ্যুতিক মিস্ত্রী	০১(এক) টি	৯৩০০-২২৪৯০	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কোর্সে বি-সেকশন লাইসেন্সধারী হইতে হইবে।

শর্তাবলীঃ

- ০১। (ক) আবেদনকারীর নাম (বাংলা ও ইংরেজীতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (৩০/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে) (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) জাতীয়তা (ঞ) অভিজ্ঞতা (শর্ত মোতাবেক) ইত্যাদি উল্লেখ পূর্বক আবেদন পত্র মেয়র, সিংড়া পৌরসভা, নাটোর বরাবর ডাকযোগে অথবা সরাসরি পৌরসভা কার্যালয়ে দাখিল করিতে হইবে। উল্লেখ্য, আবেদন পত্রের খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করিতে হইবে।
- ০২। (ক) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (খ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র (গ) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি ছবি সত্যায়িত (ঘ) শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদ ও অভিজ্ঞতা সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রে সহিত দাখিল করিতে হইবে।
- ০৩। ৩০/০৫/২০২৩ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর হলে আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। তবে বীর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য। সেক্ষেত্রে যথাযোগ্য সনদপত্র দাখিল করিতে হইবে।
- ০৪। আবেদন পত্রের সাথে মেয়র, সিংড়া পৌরসভা, নাটোর অনুকূলে ১,০০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) প্রদান করিতে হইবে।
- ০৫। সকল দরখাস্ত আগামী ৩০/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি মেয়র, সিংড়া পৌরসভা, নাটোর বরাবর দাখিল করিতে হইবে।
- ০৬। বৈধ প্রার্থীদের বরাবরে পরীক্ষায় অংশ গ্রহনের জন্য ডাকযোগে প্রবেশ পত্র/ইন্টারভিউ কার্ড ইস্যু করা হইবে। পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার ভ্রমভাড়া বা দৈনিকভাড়া প্রদান করা হইবে না।
- ০৭। কোন সুপারিশকৃত এবং ৩০/০৫/২০২৩ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত অথবা অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ০৮। নিয়োগ বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ও সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদান করা হইবে। নিয়োগকৃত কর্মচারীদের চাকুরী বিধিমালা ১৯৯২ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।
- ০৯। সরকারী বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হইবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্মচারী বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হইবে।
- ১০। সাক্ষাৎকালীন সময়ে সকল সনদের মূল কপি উপস্থাপন করিতে হইবে।
- ১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে পরবর্তীতে নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ জান্নাতুল ফেরদৌস
মেয়র
সিংড়া পৌরসভা, নাটোর।
তারিখঃ ১৪/০৫/২০২৩ খ্রিঃ

স্মারক নংঃ সিং-পৌর/২০২৩/১৮০(০৮)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরিত হল।

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, নাটোর।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর।
- ০৫। কাউন্সিলরবৃন্দ, সিংড়া পৌরসভা, নাটোর।
- ০৬। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক। তাকে উল্লেখিত বিজ্ঞাপনটি এক দিনের জন্য ভিতরের পৃষ্ঠায় স্বল্প পরিসরে ছাপানোর জন্য বলা হইল।
- ০৭। নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক, সিংড়া পৌরসভা, নাটোর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হইল)।
- ০৮। অফিস কপি।

মোঃ জান্নাতুল ফেরদৌস
মেয়র

সিংড়া পৌরসভা, নাটোর।